গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

# বাস্তবায়ন নীতিমালা

মহিলা বিষয়ক অধিদপ্তর
ও
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মে ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

# বাস্তবায়ন নীতিমালা

মহিলা বিষয়ক অধিদপ্তর
ও
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মে ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**প্রশাসন-৩**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

নং-মশিবিম/প্রশাসন-৩/ক্ষুদ্র ঋণ-১৬/২০০৩-৪২৯/১ তারিখ ঃ ৩০-০৫-২০০৪

বিষয় ঃ **"মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম" বাস্তবায়ন নীতিমালা।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে "মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম" এর অনুমোদিত বাস্তবায়ন নীতিমালা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হ'ল।

**সংযুক্তি ঃ ১ (এক) কপি নীতিমালা।**

৩০.৫.০৪

**(শাহিদা আকতার)**
সিনিয়র সহকারী সচিব।
ফোন নং ঃ ৯৫৫৯৫২৭

বিতরণ ঃ

১। চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
ঢাকা।

২। মহা-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

৩। ____________________।

# মুখবন্ধ

দেশের আর্থিক সঙ্গতিহীন কর্মক্ষম মহিলাদের উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ ও তাঁদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে বর্তমান সরকার চলতি ২০০৩-২০০৪ অর্থ বছরে ক্ষুদ্রঋণ তহবিল বাবদ ১৫.০০ কোটি(পনের কোটি) টাকা বরাদ্দ করেছেন । অত্র মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার মাধ্যমে এ ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে । এ অর্থ ঋণপ্রার্থী কর্মক্ষম আর্থিক সঙ্গতিহীন মহিলাদের মধ্যে নীতিমালা অনুযায়ী বিতরণ করা হবে । এতে বেকার মহিলারা বিশেষ করে পল্লী অঞ্চলের কর্মক্ষম আর্থিক সঙ্গতিহীন মহিলারা বিশেষভাবে উপকৃত হবেন । এ ঋণ কর্মসূচীর মাধ্যমে তাদেরকে জীবনমান উন্নয়নের প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম যেমন, স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার, ছেলে-মেয়েদের স্কুলে প্রেরণ, জন্ম নিবন্ধন, জন্ম নিয়ন্ত্রণ, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, শিশুদের রোগ প্রতিষেধক টিকা ও ইনজেকশন প্রদান, বিশুদ্ধ পানি পান ও যৌতুক নিরোধ ইত্যাদি বিষয়ে সচেতন করা হবে । এতে মহিলারা আয়বর্ধনমূলক কর্মকান্ডের পাশাপাশি উপরোল্লিখিত সামাজিক কর্মকান্ডের বিষয়ে সচেতন হবে যা তাদেরকে সুখী ও সমৃদ্ধ সমাজ গঠনে এবং সমাজে মান-মর্যাদা সহকারে সুন্দরভাবে বসবাসে অধিক সহায়তা করবে । তাছাড়া, দেশের অবহেলিত ও বঞ্চিত মহিলা জনগোষ্ঠীর আত্মসচেতনতা বৃদ্ধি, তাদের অধিকার সংরক্ষণ ও উৎপাদনশীলতার দিক উম্মোচন করে গড়ে তাদেরকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলার মধ্যেই নিহিত রয়েছে এ কার্যক্রমের প্রকৃত লক্ষ্য ও উদ্দেশ্য ।

২। ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়ন ও মূল্যায়নের জন্য প্রণীত এ নীতিমালাটি সংশ্লিষ্ট ক্ষেত্রে কার্যকর ও পথনির্দেশক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস । এ ঋণ বিতরণ কার্যক্রম সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র (PRSP) বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখবে এবং লক্ষ্যভুক্ত পরিবারের আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা সম্ভব হবে বলে আমি আশা করি । এ ঋণ বিতরণ কার্যক্রম ও নীতিমালা প্রণয়নে অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সহযোগিতা ও পরামর্শ প্রদানের জন্য তাঁদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। একই সাথে এ নীতিমালা প্রণয়ন, পরিমার্জন ও প্রকাশনায় অত্র মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী কাজ করেছেন তাঁদেরকেও জানাই আন্তরিক ধন্যবাদ ।

বাংলাদেশ সচিবালয়
ঢাকা
মে, ২০০৪

( মোঃ মর্তুজা হোসেন মুন্সি )
ভারপ্রাপ্ত সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১। **ভূমিকা ঃ**

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ২০০৩-২০০৪ অর্থ বছরে এতদুদ্দেশ্যে ১৫০০কোটি (পনের কোটি) টাকার একটি তহবিল রাজস্ব বাজেটে বরাদ্দ করা হয়েছে । উক্ত ক্ষুদ্র ঋণ তহবিলের অর্থ সঠিক ভাবে বিতরণ ও এতদ্‌সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি নীতিমালা প্রণয়ন জরুরী বিধায় অন্যান্য মন্ত্রণালয় এবং অত্র মন্ত্রণালয়ের ক্ষুদ্র ঋণ বিতরণ কর্মসূচীর নীতিমালা পর্যালোচনা করে এই নীতিমালা প্রণয়ন করা হ'ল ।

২। **তহবিল বন্টন/বরাদ্দ ঃ**

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়ন করা হবে । এ বাবদ প্রাপ্ত ১৫০০কোটি (পনের কোটি) টাকা নিম্নোক্ত ভাবে বন্টিত হবেঃ—

| ক্রমিক নং | অধিদপ্তর/সংস্থার নাম | বরাদ্দ |
|---|---|---|
| ১। | মহিলা বিষয়ক অধিদপ্তর | ১০০০কোটি (দশ কোটি) টাকা |
| ২। | জাতীয় মহিলা সংস্হা | ৫০০কোটি (পাঁচ কোটি) টাকা |

সরকারী অর্থ বরাদ্দের প্রেক্ষিতে প্রাপ্ত অর্থের পরিমাণ মন্ত্রণালয় কর্তৃক হ্রাস-বৃদ্ধি করা যাবে । এ কর্মসূচীতে পরবর্তী সময়ে সরকার কর্তৃক কোন অর্থ বরাদ্দ করা হলে তা এ তহবিলের অন্তর্ভুক্ত হবে ।

৩। **তহবিল ব্যবহার ঃ**

মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার অনুকূলে বরাদ্দকৃত তহবিল যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ঋণ বিতরণ ও তদারকিতে সংশ্লিষ্ট ***উপজেলা কমিটি*** নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ।

৪। **উপজেলা কমিটি ঃ**

উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত কমিটি ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা ও মনিটরিং এর দায়িত্ব পালন করবে ঃ—

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২। | জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখার সভাপতি | সদস্য |
| ৩। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | ঐ |
| ৪। | উপজেলা সমাজ সেবা অফিসার | ঐ |
| ৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রতিনিধি,জাতীয় মহিলা সংস্হার উপজেলা শাখা অফিস | সদস্য-সচিব । |

৫। ৪ এ বর্ণিত উপজেলা কমিটির কার্যপরিধি ঃ

| | |
|---|---|
| (ক) | সুবিধাভোগী বাছাই কার্যক্রম সম্পন্নকরণ; |
| (খ) | ঋণের পরিমাণ নির্ধারণ ও ঋণ অনুমোদন; |
| (গ) | নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়াবলী/অগ্রগতি পর্যালোচনা; |
| (ঘ) | ঋণ কার্যক্রম পরিচালনার বিষয়ে উপজেলা কমিটি অধিদপ্তর/সংস্থার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা; এবং |
| (ঙ) | নীতিমালা অনুযায়ী ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ । |

৬। **ব্যাংক হিসাব পরিচালনা ঃ**

এ কার্যক্রমের মূলধন সরকার অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংকে সুদযুক্ত হিসাবে জমাদান পূর্বক ব্যাংক হিসাব পরিচালিত হবে । এ ব্যাংক হিসাবটি সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময় নিরীক্ষার জন্য উম্মুক্ত থাকবে । মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিচালনাধীন ঋণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার যৌথ স্বাক্ষরে এবং জাতীয় মহিলা সংস্থার পরিচালিত ঋণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শাখার চেয়ারম্যানের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে ।

৭। **সুবিধাভোগী (ঋণ গ্রহীতা) বাছাইয়ের মানদন্ড ঃ**

| | |
|---|---|
| (ক) | ঋণ প্রার্থীর ভিটে-বাড়ী থাকতে হবে অথবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে; |
| (খ) | প্রার্থীর ন্যূনতম অক্ষরজ্ঞান থাকতে হবে এবং বয়স সীমা ১৮বছর থেকে ৫৫বছরের মধ্যে হতে হবে; |
| (গ) | ঋণ প্রদানের ক্ষেত্রে দুঃস্থ, স্বামী পরিত্যক্তা, বিধবা এবং অবিবাহিত মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হবে; |
| (ঘ) | ঋণ প্রার্থী এককভাবে ঋণের আবেদন করবেন; |
| (ঙ) | অন্য কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে থাকলে এবং তা চলমান হলে এ কার্যক্রমের আওতায় ঋণ প্রদান করা যাবে না । এ বিষয়ে মিথ্যা তথ্য প্রদান করা হলে(প্রমাণ সাপেক্ষে) প্রদত্ত ঋণ বাতিল করা যেতে পারে; এবং |
| (চ) | মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থা থেকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের ঋণ বিতরণে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে । |

৮। **ঋণ মঞ্জুরীর নিয়মাবলী ঃ**

এ কার্যক্রমের অধীন ঋণ গ্রহণে ইচ্ছুক মহিলা ঋণের জন্য নির্ধারিত আবেদন পত্রে বিস্তারিত বিবরণসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/জাতীয় মহিলা সংস্থা উপজেলা অফিস বরাবর ঋণের আবেদন দাখিল করবে । উপজেলা কমিটি আবেদন পত্র যাচাই-বাছাই করে ১৫ দিনের মধ্যে নীতিমালার আলোকে ঋণ আবেদন সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করবে ।

৯। **ঋণ বিতরণের নিয়মাবলী ঃ**

সংশ্লিষ্ট অফিস ঋণ বিতরণের স্থান, তারিখ ও সময় উল্লেখ করে পত্র দ্বারা ঋণ গ্রহীতা ও উপজেলা কমিটির সকলকে ঋণ বিতরণের বিষয় অবগত করবেন—

- পূর্ব থেকেই ঋণ বিতরণ রেজিষ্টার ও অন্যান্য লিপিবদ্ধকরণ কাজ সম্পন্ন করে রাখতে হবে ।
- ব্যাংক থেকে টাকা উত্তোলন করে ঋণ গ্রহীতার নাম ও টাকার হিসাব খামে লিখে রাখা ।
- যদি চেকের মাধ্যমে ঋণের অর্থ প্রদান করা হয় তবে রেকর্ড-পত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ।
- ঋণ গ্রহীতার হাতে নগদ টাকা দিয়ে টাকা সঠিক আছে কি-না তা দেখে নিতে বলতে হবে ।
- বিতরণ শেষে নিরাপদে টাকা নিয়ে বাড়ী যাওয়ার বিষয়ে সতর্ক করে দিতে হবে । ঋণের টাকা নির্ধারিত আয়বর্ধক কর্মকান্ডে সঠিকভাবে ব্যবহার এবং যথাসময়ে কিস্তি পরিশোধের পরামর্শ দিতে হবে ।
- ঋণ গ্রহীতাকে স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার, ছেলে-মেয়েদের স্কুলে প্রেরণ, জন্ম নিবন্ধন, সামাজিক বনায়ন সর্বোপরি যৌতুক নিরোধে বিশেষ ভুমিকা রাখার পরামর্শ দিতে হবে ।

১০। **ঋণ ও সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায় ঃ**

দরিদ্র ও বেকার মহিলাদের আয়বর্ধক স্ব-কর্মসংস্থানের নিমিত্তে জামানতবিহীন ও এককালীন প্রদেয় অর্থ ক্ষুদ্রঋণ হিসেবে গণ্য হবে এবং এ নীতিমালার আওতায় আসবে । ঋণের অর্থ ঋণগ্রহীতারা স্বাধীন/ইচ্ছামাফিক যে কোন আইনগত প্রত্যক্ষ/পরোক্ষ লাভজনক আয়বর্ধনমূলক কাজে বিনিয়োগ করতে পারবে । ঋণ গ্রহীতা আয়বর্ধক ও স্ব-কর্মসংস্থানের নিমিত্তে সাধারণভাবে অনধিক দুই বৎসর মেয়াদের জন্য জামানতবিহীন ও এককালীন সর্বোচ্চ ১৫,০০০/-(পনের হাজার) টাকা পর্যন্ত ঋণ পেতে পারেন ।

১০.১। প্রদত্ত ঋণের টাকার উপর ৫% সার্ভিস চার্জ ধার্য করে মেয়াদকালীন সময়ের মধ্যে ১২ কিস্তিতে ঋণের টাকা পরিশোধের শর্তে ১৫০/-টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে ঋণ চুক্তি সম্পাদন করতে হবে । ঋণ গ্রহীতা ষ্ট্যাম্প খরচ বহন করবেন । আয়বর্ধক কর্মকান্ডের প্রকৃতি অনুসারে ১ হতে সর্বোচ্চ ২ বছর মেয়াদে ঋণ প্রদান করা যাবে এবং ঋণের টাকা প্রদানের ২মাস পর হতে কিস্তি প্রদান শুরু হবে । সার্ভিস চার্জ এর ৫০% অর্থ মূলধন তহবিলে জমা করা হবে এবং অবশিষ্ট ৫০% আলাদা একাউন্ট খুলে ব্যাংকে জমা রাখা যাবে এবং এ অর্থ উপজেলা কমিটির অনুমোদনক্রমে ঋণ আদায় ও অন্যান্য আনুষংগিক খাতে ব্যয় করা যাবে । অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ছাপানো রশিদের মাধ্যমে আদায়কৃত টাকা অবিলম্বে ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা রাখবে এবং উপজেলা কমিটি এ অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে নিয়মানুযায়ী যথাশীঘ্র সম্ভব পুনঃবিতরণের ব্যবস্থা গ্রহণ করবে । একজন নিয়মিত ঋণ পরিশোধকারীকে সর্বোচ্চ তিন বারের বেশী ঋণ প্রদান করা যাবে না । ঋণ গ্রহীতাদের একটি তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণ করতে হবে যাতে করে এ কর্মসূচীর সফল বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের সহায়তা পাওয়া যায়।

১১। **অবলোপন (Write off) ঃ**
সাধারণভাবে ক্ষুদ্রঋণ বা উহার কোন অংশ অবলোপন বা মওকুফ হবে না । তবে জাতীয়ভাবে ঘোষিত দুর্যোগের কারণে প্রয়োজনে ঋণ পুনঃতফসিল করা যাবে । শুধুমাত্র ঋণগ্রহীতার মৃত্যুর ফলে উদ্ভুত পরিস্থিতিতে ধর্মীয় অনুশাসন মোতাবেক ঋণগ্রহীতার স্বনামে রক্ষিত স্থাবর/অস্থাবর সম্পত্তি হতে ঋণ পরিমাণ অর্থ পরিশোধ/আদায় সম্ভব না হলে ঋণের সার্ভিস চার্জসহ সকল আসল পাওনা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সুপারিশক্রমে আংশিক সম্পূর্ণ অবলোপন করা যাবে । উপজেলা কমিটি এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে ।

১২। **পরিদর্শন ও মনিটরিং ঃ**
ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়ে মাঠপর্যায়ের সামগ্রিক কর্মকান্ডে গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর/জাতীয় মহিলা সংস্থার কর্মকর্তাগণ এবং উপজেলা কমিটি কর্তৃক পরিদর্শনসহ অব্যাহতভাবে মনিটরিং কার্যক্রম বলবৎ রাখতে হবে । মনিটরিং-এর প্রধান লক্ষ্য হবে কর্মসূচীর সফল বাস্তবায়ন ও ত্রুটি-বিচ্যুতি দূরীকরণে পরামর্শদান এবং সার্বিক কার্যক্রম মূল্যায়ন করা ।

১৩। **রেজিষ্টার ও হিসাব সংরক্ষণ ঃ**
ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়নের সকল পর্যায়ে একাউন্টসমূহের লেন-দেন হিসাব সংরক্ষণের জন্য ক্যাশবহি ও অন্যান্য প্রয়োজনীয় রেজিষ্টার সংরক্ষণ করতে হবে ।

১৪। **নিরীক্ষণ ঃ**
মহিলা বিষয়ক অধিদপ্তর/জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত এ ক্ষুদ্রঋণ কর্মসূচী বাস্তবায়নের পর্যায়ে ও বৎসরান্তে অভ্যন্তরীণ নিরীক্ষা ছাড়াও সরকারী সংস্থা কর্তৃক নিয়মিত নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে ।

১৫। **প্রতিবেদন তৈরীকরণ ও প্রেরণ ঃ**
এ কার্যক্রমের অগ্রগতির ত্রৈ-মাসিক নির্ভূল প্রতিবেদন মন্ত্রণালয়, অধিদপ্তর ও সংস্থা বরাবরে দাখিল করতে হবে ।

১৬। **নীতিমালা সংশোধনী ক্ষমতা সংরক্ষণ ঃ**
সময় ও দেশের প্রয়োজনে সরকার এ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন এবং সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৭। **কার্যক্রমে ব্যবহারযোগ্য নমুনা ফরমসমূহ ঃ**

| | | |
|---|---|---|
| ১৭.১ | ঋণ আবেদন ফরম | ( পরিশিষ্ট-১ ) |
| ১৭.২ | ঋণের চুক্তিপত্র | ( পরিশিষ্ট-২ ) |
| ১৭.৩ | ঋণের কিস্তি আদায় রশিদ | ( পরিশিষ্ট-৩ ) |
| ১৭.৪ | মনিটরিং চেকলিষ্ট | ( পরিশিষ্ট-৪ ) |
| ১৭.৫ | ঋণ আদায় কার্যক্রমের মাসিক বিবরনী | ( পরিশিষ্ট-৫) |
| ১৭.৬ | ঘূর্নায়মান ঋণ তহবিল স্থিতির মাসিক হিসাব | ( পরিশিষ্ট-৬) |

-ঃ 0 ঃ-

পরিশিষ্ট-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

ছবি

বরাবর

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা উপজেলা শাখা
উপজেলাঃ-
জেলাঃ-

বিষয়ঃ আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণের আবেদন ।

জনাব,

আমি একজন কর্মক্ষম আর্থিক সঙ্গতিহীন মহিলা । কর্মসংস্থানের অভাবে আমি দারিদ্রের মধ্যে দিন যাপন করছি । পুঁজির অভাবে আমি বা আমার পরিবারের কোন লোক আয়বর্দ্ধক কোন কাজে অংশগ্রহণ করার সুযোগ পাচ্ছি না । এমতাবস্থায় আমি আপনার কার্যালয়ের মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় নিম্নবর্ণিত আয়বর্দ্ধক কর্মসূচীর অনুকূলে ..........................................টাকা ঋণ মঞ্জুরীর জন্য আবেদন জানাচ্ছি । আমি নিশ্চয়তা প্রদান করছি যে আমাকে প্রার্থীত অর্থ প্রদান করা হলে কিস্তি মোতাবেক প্রদেয় অর্থ পরিশোধ করতে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় নিয়মকানুন মেনে চলতে বাধ্য থাকব ।

**সুপারিশকারীর বিবরণ ঃ**

গ্রাম সরকার প্রধান/ইউপি সদস্য/ওয়ার্ড কমিশনার (সংশ্লিষ্ট ওয়ার্ড)
নাম, স্বাক্ষর, তারিখ ও সীলমোহর ঃ

..........................................

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর ও নাম ..........................................
তারিখ ..........................................
বয়স ..........................................

পিতা/স্বামীর নাম ..........................................
গ্রাম/ ..........................................
ওয়ার্ড নং ..........................................
ইউনিয়ন ..........................................
উপজেলা ..........................................জেলা ..........................................

২। **আবেদনকারী সম্পর্কে তথ্যাদি ঃ**

(ক) ভিটে বাড়ীসহ নিজ জমির পরিমাণ ঃ-

(খ) আয়বর্দ্ধক কর্মকান্ডের বিবরণ ঃ-

১. কর্মসূচীর নাম ঃ

২. কর্মসূচীর বর্তমান অবস্থা—

৩. নিজস্ব বিনিয়োগের পরিমাণ—

৪. আয়বর্দ্ধক কর্মকান্ডে সম্ভাব্য মাসিক/বার্ষিক/এককালীন আয় .............. (টাকা) ।

৩। **প্রস্তাবিত অর্থের ব্যবহার/খরচের বিবরণ ঃ**

---

উপজেলা কমিটির সুপারিশ ঃ

**কর্তৃপক্ষের জন্য**

উল্লেখিত ঋণ আবেদন পরীক্ষান্তে বাস্তবায়ন উপযোগী বিবেচিত হওয়ায় উহার অনুকূলে ......................../=(..............................................................................) টাকা অনুমোদন করা হ'ল ।

| | |
|---|---|
| নাম ও স্বাক্ষরঃ<br>উপজেলা কমিটির সভাপতি | নাম ও স্বাক্ষরঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখা |

**পরিশিষ্ট-২**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**( আয়বর্ধক ঋণের চুক্তিপত্র )**

| তারিখ | | | |
|---|---|---|---|

...................................................................................... আয়বর্ধক কর্মকান্ডের জন্য চুক্তিপত্র বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মহিলাদের আত্ম-কর্মসংস্থানের ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায়
উপজেলা ........................................... জেলা ........................................... এর পক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখা .......... প্রথম পক্ষ ।

ঋণ গ্রহীতা ........................................................... পিতা/স্বামী ...........................................................

গ্রাম/ওয়ার্ড ........................................... ইউনিয়ন........................................... উপজেলা/থানা ...........................................

জেলা ........................................... দ্বিতীয় পক্ষ ।

অদ্য ........................................... তারিখে উভয় পক্ষের পারস্পারিক সমঝোতা ও নিম্নলিখিত শর্তাবলী মেনে চলার অঙ্গীকারে এ চুক্তিপত্র সম্পাদিত হলো ।

## শর্তাবলী ঃ

১। প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে ...........................................মহিলাদের অধীন ..................আয়বর্ধক কর্মকান্ড বাস্তবায়নের জন্য

টাকা ...........................................(কথায়) ...........................................

পুঁজি হিসেবে দিতে সম্মত হয়েছেন । এ ঋণের টাকা ........................................... ক্রয় ও অনুমোদিত আয়বর্ধক কর্মসূচী বাস্তবায়নের জন্য খরচ করা হবে ।

২। দ্বিতীয় পক্ষ মঞ্জুরীকৃত টাকা আয়বর্ধক কর্মকান্ড বহির্ভূত কোন কাজে ব্যয় করতে পারবেন না ।

৩। দ্বিতীয় পক্ষ ঋণ মঞ্জুরীকৃত টাকা ৫%সার্ভিস চার্জসহ ...........................................কিস্তিতে .পরিশোধ করবেন।

৪। প্রথম কিস্তি শুরু হবে ঋণের অর্থ গ্রহণের তারিখ হতে দুই মাস পর । প্রতি কিস্তি টাকা ........................................... হিসেবে পরিশোধ করবেন ।

৫। প্রথম কিস্তি পরিশোধের তারিখ ...........................................

৬। শেষ কিস্তি পরিশোধের তারিখ ...........................................

৭। দ্বিতীয় পক্ষ হতে প্রাপ্ত ঋণের টাকায় ক্রয়কৃত উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম প্রভৃতি প্রথম পক্ষের মালিকানায় থাকবে যতক্ষণ পর্যন্ত না দ্বিতীয় পক্ষ ঋণের সমস্ত টাকা(সার্ভিস চার্জসহ) পরিশোধ করবেন । এ সময় দ্বিতীয় পক্ষ পূর্বোল্লেখিত উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি বিক্রয় করা বা বন্ধক দেয়া কিংবা অন্য কোন উপায়ে ঐগুলো হস্তান্তর করতে পারবেন না যতক্ষণ না সকল কিস্তির সম্পূর্ণ টাকা পরিশোধ করবেন ।

৮। দ্বিতীয় পক্ষ কর্তৃক গৃহীত ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ করা হলে, দ্বিতীয় পক্ষ আইনসম্মতভাবে ঋণের টাকা ও অন্যান্য উপকরণাদির মালিকানা অর্জন করবেন ।

৯। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট হতে গৃহীত ঋণের কিস্তি যথারীতি পরিশোধ না করলে অথবা এ চুক্তির কোন শর্ত অমান্য করলে, দ্বিতীয় পক্ষ উপকরণ যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ফিরিয়ে দিতে বাধ্য থাকবেন এবং ঐগুলো প্রথম পক্ষের নিয়ন্ত্রণে থাকবে ।

১০। এ চুক্তিপত্রে বর্ণিত কোন শর্ত/শর্তাবলী মেনে চলতে যদি দ্বিতীয় পক্ষ ব্যর্থ হন তাহলে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের বিরুদ্ধে জনস্বার্থে উপযুক্ত প্রশাসনিক/আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন ।

১২। এ চুক্তিপত্রের প্রতিটি ধারা আমার কাছে ব্যাখ্যা করা হয়েছে এবং আমি এর প্রতিটি ধারা ও শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব ।

(২) প্রথম পক্ষের স্বাক্ষর ..............................
(উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখা )

তাং ..............................

(১) দ্বিতীয় পক্ষ—
(ঋণ গ্রহণকারীর স্বাক্ষর)

তাং ..............................

স্বাক্ষীঃ-

১। ..............................

২। ..............................

৩। ..............................

পরিশিষ্ট-৩

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম
**(ঋণের কিস্তির টাকা আদায় রশিদ বহি )**

নং ...............................................

১। ঋণ গ্রহীতার নাম ঃ-

স্বামী/পিতার নাম ঃ-

গ্রাম ঃ-

পোঃ-

ইউনিয়ন ঃ-

উপজেলা ঃ-

জেলা ঃ-

২। আদায়কৃত টাকার পরিমাণ.........................................

৩। কিস্তির নম্বর .........................................

তাং......................................................................... আদায়কারীর নাম, স্বাক্ষর ও পদবী

পরিশিষ্ট-৪

## মনিটরিং চেকলিষ্ট

ঋণ কার্যক্রমকে গতিশীল, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করার জন্য মনিটরিং অত্যাবশ্যক। মনিটরিং ও পরিদর্শনের মাধ্যমে কাজের গতি, প্রকৃতি, ভুলভ্রান্তি, পরিমাণ, গুণগতমান লক্ষ্যমাত্রা ও অর্জন, সঠিকভাবে ঋণ বিতরণ, ঋণ আদায়, ঋণের সঠিক ব্যবহার ইত্যাদির পাশাপাশি কর্মীদের সমস্যা, অধিদপ্তর/সংস্থার সাংগঠনিক ও কাঠামোগত সমস্যা, নীতিমালার সমস্যা, ইত্যাদি চিহ্নিত করা সম্ভব হয়। মনিটরিং এর সহায়ক একটি চেকলিষ্ট নমুনা নীচে দেয়া হলোঃ-

| বিষয় | Classification | সিদ্ধান্ত |
|---|---|---|
| (১) ঋণের কিস্তি আদায় | (১) ১০০%—৯৯% | (১) ঠিক আছে |
| | (২) ৯৯%—৯৮% | (২) মোটামুটি ঠিক আছে |
| | (৩) <৯০% | (৩) ঠিক নাই |
| (২) মাঠ পর্যায়ে সচেতনতা | (১) সকলেই ঋণের পরিমাণ, কিস্তি,ঋণস্থিতি বলতে পারে | (১) ঠিক আছে |
| | (২) ৯০% বলতে পারে | (২) মোটামুটি ঠিক আছে |
| | (৩) <৯০% বলতে পারে | (৩) ঠিক নাই |
| (৩) হিসাব সংক্রান্ত | (১) প্রতিদিনের পোষ্টিং প্রতিদিন দেয়া হয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা স্বাক্ষরিত হয়। | (১) ঠিক আছে |
| | (২) মাঝে মাঝে পরের দিন পোষ্টিং দেয়া হয়। | (২) মোটামুটি ঠিক আছে |
| | (৩) একদিনের বেশী হিসাব আপডেট থাকে না। | (৩) ঠিক নাই |
| (৪) হস্ত মজুদ সংক্রান্ত | (১) প্রতিদিনের অর্থ প্রতিদিন ব্যাংকে জমা হয়। | (১) ঠিক আছে |
| | (২) কোন কারণে পরের দিন সকালে জমা হয়। | (২) মোটামুটি ঠিক আছে |
| | (৩) একদিনের বেশী হস্ত মজুদ থাকে | (৩) ঠিক নাই |
| (৫) ঋণের ব্যবহার সম্পর্কে | (১) প্রত্যেক ঋণী উল্লেখিত ঋণের কর্মসূচীতে ব্যবহার করছে এবং যাচাই করা হয়েছে। | (১) ঠিক আছে |
| | (২) ৯০% এর কম ঋণী উল্লেখিত কর্মসূচীতে ঋণ ব্যবহার করছে এবং অবশিষ্ট ১০% প্রকল্প পরিবর্তন করেছে। | (২) মোটামুটি ঠিক আছে |
| | (৩) ৯০% ঋণী সঠিকভাবে ঋণ ব্যবহার করেছে। | (৩) ঠিক নাই |

(৬) অন্যান্য প্রশাসনিক বিষয় ঃ

(৭) মন্তব্য/মতামত

স্বাক্ষর

পরিশিষ্ট-৫

## ঋণ আদায় কার্যক্রমের মাসিক বিবরণী ঃ

| ক্রমিক নং | বিবেচ্য মাসে আদায়ের লক্ষ্যমাত্রা | বিবেচ্য মাসে আদায় | আদায়ের হার% | মাস শেষে আদায়যোগ্য অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

পরিশিষ্ট-৬

## ঘূর্ণায়মান ঋণ তহবিল স্থিতির মাসিক হিসাব (সকল অংক টাকায়)

| বিবেচ্য মাসের শুরুতে স্থিতি<br>ব্যাংকে মজুদ | বিবেচ্য মাসে নূতন তহবিল প্রাপ্তি | মোট তহবিল (১+২) | বিবেচ্য মাসে আসল আদায় | বিবেচ্য মাসে সার্ভিস চার্জ আদায় | বিবেচ্য মাসে বিতরণকৃত তহবিল | মাস শেষে মোট তহবিল স্থিতি (৩+৪+৫-৬) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

বাঃসঃমুঃ-২০০৩/০৪-৫৫৭০(কম-সি)—৫,০০০ বই, ২০০৪।